



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
দ্বাদশ জাতীয় সংসদ সাধারণ নির্বাচন
www.brahmanbaria.gov.bd

নং- ০৫.৪২.১২০০.০০০.০৯.০০১.২৩-৬৭১

তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০২৩ খ্রিঃ

গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ সাধারণ নির্বাচনের জন্য সময়সূচী প্রকাশ করেছেন। উক্ত সময়সূচী অনুযায়ী ভোটগ্রহণের তারিখ আগামী ০৭ জানুয়ারি ২০২৪ রোজ রবিবার। জাতীয় সংসদ নির্বাচনে কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টাল ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

০২। পোস্টাল ব্যালটে ভোটদান: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদ অনুযায়ী জাতীয় সংসদ নির্বাচনে নিম্নবর্ণিত ব্যক্তিগণ পোস্টাল ব্যালট এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিতে পারবেনঃ

ক. ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) ও (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ:

খ. কোন ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন এবং


গ. বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

০৩। পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদন: ভোটদানের জন্য (ক) দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

০৪। কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য তার ব্যালট পেপার প্রাপ্তির পর নির্ধারিত পদ্ধতিতে তার ভোট রেকর্ড করার পর ব্যালট পেপারটি দফা (৩) এর অধীন তার নিকট প্রেরিত খামে নূন্যতম বিলম্বের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার ০৬টি সংসদীয় আসনের [২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১ (নাসিরনগর), ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২ (সরাইল ও আশুগঞ্জ), ২৪৫ ব্রাহ্মণবাড়িয়া-৩ (ব্রাহ্মণবাড়িয়া সদর ও বিজয়নগর), ২৪৬ ব্রাহ্মণবাড়িয়া-৪ (আখাউড়া ও কসবা), ২৪৭ ব্রাহ্মণবাড়িয়া-৫ (নবীনগর), ২৪৮ ব্রাহ্মণবাড়িয়া-৬ (বাঞ্ছারামপুর)] পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণকে উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন করার জন্য অনুরোধ করা হল।

তারিখ ২ ৩ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর


(মোঃ শাহজীর আলম)
জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া
ও


রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ সাধারণ নির্বাচন
dcbrahmanbaria@mopa.gov.bd
ফোনঃ ০২৩৩৪৪২৭৭১২

নং- ০৫.৪২.১২০০.০০০.০৯.০০১.২৩-৬৭১

তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০২৩ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
- ০৩। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
- ০৪। উপ-মহা পুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
- ০৫। মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ০৬। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
- ০৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ০৮। অধিনায়ক, ২৫ বিজিবি, কালিকচ্ছ, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া
- ০৯। অধিনায়ক, র্যাব ০৯, সিলেট
- ১০। জেলা নির্বাচন অফিসার, ব্রাহ্মণবাড়িয়া
- ১১। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ব্রাহ্মণবাড়িয়া
- ১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি নিজ কার্যালয়সহ উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের গুরুত্বপূর্ণ স্থানসমূহে টাঙ্গিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল)
- ১৩। জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া (উল্লিখিত নির্বাচনী এলাকায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)
- ১৪। একান্ত সচিব, প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
- ১৫। একান্ত সচিব, নির্বাচন কমিশনার..... (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
- ১৬। উপজেলা নির্বাচন অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
- ১৭। অফিসার ইনচার্জ, (সকল থানা), ব্রাহ্মণবাড়িয়া
- ১৮। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, ব্রাহ্মণবাড়িয়া
- ১৯। নোটিশ বোর্ড


২৩/১১/২০২৩
জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ সাধারণ নির্বাচন